



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

১৪৬-২৪

নং- বামাশিবো/প্রশাসন/নীলফামারী-৪৯/

তারিখঃ / / ২০১৭খ্রিঃ

বিষয়ঃ অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঞ্চে দেয়া হবে না তার কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.০৫.০৫১.১৬-১০৫৬; তারিখঃ ০১/১২/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলাধীন ভেড়ভেড়ী কামাল উদ্দিন দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী সূত্রে উল্লিখিত স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, বিদ্যমান বিধি বিধান অনুযায়ী কমিটি গঠন না করা, নিয়োগ বাণিজ্যসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)। প্রতিবেদনের মতামত অংশে- “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি গঠন বিধিমালা-২০০৯ অনুযায়ী সময় সংক্ষিপ্ততার কারণে নির্বাচনী তফসীল ঘোষণা না করে, তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবগত করে একদিকে উপজেলা একাডেমিক সুপারভাইজার প্রিজাইডিং অফিসার হিসাবে যেমন সততার পরিচয় দিয়েছেন এবং সরকারী নীতিমালার প্রতি সম্মান দেখিয়েছেন। অপরদিকে এই কমিটি যদি দায়িত্ব পালন করার সুযোগ পায় তাহলে মাঠপর্যায়ের কিছু সং কর্মকর্তা নিরুৎসাহিত হবে এবং অসাদু কিছু ব্যক্তি ভূয়া ও জালিয়াতি করে প্রকারান্তরে অনিয়ম করতেই থাকবে” মর্মে উল্লেখ করা হয়েছে।

নির্বাচনের প্রিজাইডিং অফিসার হিসাবে নিয়োগপ্রাপ্ত উপজেলা একাডেমিক সুপারভাইজার “সময় সংক্ষিপ্ত হওয়ার কারণে নির্বাচনী তফসিল ঘোষণা সম্ভব নয়” মর্মে উল্লেখ করে উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করেছেন এবং মাদরাসার সুপার উক্ত কমিটি জাল-জালিয়াতির মাধ্যমে ভূয়া কাগজপত্র দাখিল করে বোর্ড হতে অনুমোদন গ্রহণ করা হয়েছে মর্মে বোর্ডকে লিখিতভাবে অবহিত করেছেন।

বর্ণিত অবস্থায় উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রেরিত প্রতিবেদন, প্রিজাইডিং অফিসার ও মাদরাসার সুপার এর লিখিত বক্তব্যের আলোকে বিদ্যমান কমিটি জাল-জালিয়াতির মাধ্যমে গঠন করা হয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত) প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/৩৪৩৫/২/নথি নং-নীল-৪৯; তারিখঃ ০৬/০৯/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঞ্চে দেয়া হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য ম্যানেজিং কমিটির সভাপতি ও সুপারকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক.....(.....) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি- ম্যানেজিং কমিটি, ভেড়ভেড়ী কামাল উদ্দিন দাখিল মাদরাসা, কিশোরগঞ্জ, নীলফামারী।

২) সুপার, ভেড়ভেড়ী কামাল উদ্দিন দাখিল মাদরাসা, কিশোরগঞ্জ, নীলফামারী।

নং- বামাশিবো/প্রশাসন/নীলফামারী-৪৯/১৫৩/১৫

তারিখঃ ১০/১৭/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী।
২. জেলা শিক্ষা অফিসার, নীলফামারী।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪